



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



জরুরি বিজ্ঞপ্তি

নং- ঢাশিবো/বি/৫১২/বি-১/সাধারণ/২৪৫৩

তারিখ : ১৯/০৩/২০২০ খ্রিঃ

বিষয় : নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিংবডি/ম্যানেজিং কমিটি গঠন ও নির্বাচন প্রসঙ্গে।

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১১.১৭.১৫৩, তারিখ- ১৬/০৩/২০২০ খ্রিঃ।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১১.১৭.১৬১, তারিখ- ১৮/০৩/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার/রিটার্নিং কর্মকর্তার অবগতির জন্য জানানো যাচ্ছে, সূত্রোক্ত স্মারকে মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পত্র অনুযায়ী ১৮ মার্চ ২০২০ খ্রিঃ হতে ৩১ মার্চ ২০২০ খ্রিঃ পর্যন্ত সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়েছে। ফলে অত্র বোর্ডের আওতাধীন যেসমস্ত প্রতিষ্ঠানে গভর্নিংবডি/ম্যানেজিং কমিটির নির্বাচন কার্যক্রম ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে, যা এখনো সম্পন্ন হয়নি উক্ত নির্বাচন সংক্রান্ত সকল কার্যক্রম যেখানে যে অবস্থায় রয়েছে সেভাবে থাকবে/ বন্ধ থাকবে। Intermediate and Secondary Education Board 1961 (E.P. Ord. No XXXIII of 1961) এর Section II এর ক্ষমতাবলে এই নির্দেশনা জারি করা হলো। এ বিষয়ে করণীয় পরবর্তী সময়ে বোর্ড কর্তৃক জানিয়ে দেয়া হবে।

১৯.০৩.২০২০

প্রফেসর মুঃ জিয়াউল হক

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

১৯/০৩/২০২০